



## অভিবাসী নিউ ইয়র্কবাসীদের জন্য সংস্থান

আপনার অভিবাসন স্থিতি নির্বিশেষে,  
নিউ ইয়র্ক সিটি সাহায্যের জন্য পাশে আছে।

## অভিবাসন বিষয়ক আইনি সহায়তা

বিনামূল্যে এবং নিরাপদ অভিবাসন বিষয়ক আইনি সহায়তার জন্য কল করুন 800-354-0365 নম্বরে, সোমবার থেকে শুক্রবার, সকাল 9টা থেকে সন্ধ্যা 6টা পর্যন্ত।



## NYC আইডি কার্ড

একটি IDNYC-এর জন্য আবেদন করুন, 10 বছর বা তার বেশি বয়সের সমস্ত NYC-এর বাসিন্দাদের জন্য বিনামূল্যের মিউনিসিপ্যাল আইডেন্টিফিকেশন কার্ড। অনলাইনে নবায়ন করতে বা নথিভুক্ত হতে একটি অ্যাপয়েন্টমেন্ট নিতে কল করুন 311 নম্বরে অথবা ভিজিট করুন [nyc.gov/idnyc](http://nyc.gov/idnyc) এই ঠিকানায়।



## ইংরেজী ক্লাস

যেকোন সময়, যেকোন জায়গায় ফ্রি ইংরেজি নিন। আরও তথ্যের জন্য ভিজিট করুন [wespeaknyc.cityofnewyork.us](http://wespeaknyc.cityofnewyork.us) এই ঠিকানায়।



## স্বাস্থ্যসেবা

NYC Health + Hospitals (H+H) জরুরী যত্ন, প্রাথমিক স্বাস্থ্যসেবা, চেক-আপ, টিকাদান এবং আরও অনেক কিছু প্রদান করতে পারে। আপনার নিকটবর্তী কেন্দ্রে নির্দেশিত হতে 718-387-6407 নম্বরে কল করুন। NYC Care প্রোগ্রাম সহ স্বাস্থ্য বীমা পরিকল্পনায় নথিভুক্ত হতে, 646-NYC-CARE (646-692-2273) নম্বরে কল করুন অথবা ভিজিট করুন [nyccare.nyc](http://nyccare.nyc) এই ঠিকানায়।



## মানসিক স্বাস্থ্য

মানসিক স্বাস্থ্য পরিচর্যা এবং পদার্থ ব্যবহারের সংস্থানগুলিতে গোপনীয় সহায়তা এবং সংযোগের জন্য, 888-692-9355 বা 988 নম্বরে কল করুন, 65173 নম্বরে WELL লিখে টেক্সট করুন কিংবা ভিজিট করুন [mentalhealthforall.nyc.gov](http://mentalhealthforall.nyc.gov) এই ঠিকানায়।



## জরুরি অবস্থা

জরুরি অবস্থায়, 911 নম্বরে কল করুন। ইমার্জেন্সি হল ঐসব পরিস্থিতি যার জন্য অবিলম্বে পুলিশ, ফায়ার ডিপার্টমেন্ট বা অ্যাম্বুলেন্স সহায়তার প্রয়োজন হয়। আইন অনুযায়ী, নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্ট অপরাধের শিকার, সাক্ষী, বা অন্য যারা সাহায্য চায় তাদের অভিবাসন স্থিতি নিয়ে জিজ্ঞাসা করতে পারে না।



## গণশিক্ষা

NYC-এর 4-21 বছর বয়সী সমস্ত শিশুরা পাবলিক স্কুলে পড়তে পারে। নথিভুক্ত হতে, ভিজিট করুন [schools.nyc.gov/fwc](http://schools.nyc.gov/fwc) এই ঠিকানায় অথবা কল করুন 311নম্বরে।



## সাধারণ শহরের সংস্থান ও তথ্য

শহরের সংস্থানে অ্যাক্সেস করতে বা একটি সমস্যা রিপোর্ট করতে চান? কল করুন 311 নম্বরে অথবা ভিজিট করুন [portal.311.nyc.gov](http://portal.311.nyc.gov) এই ঠিকানায়।



## NYC অভিবাসী বিষয়ক হটলাইন

212-788-7654 নম্বরে আমাদের হটলাইনে কল করুন সোমবার থেকে শুক্রবার, সকাল 9টা থেকে বিকেল 5টা পর্যন্ত, অথবা আমাদেরকে ইমেইল করুন [askmoia@cityhall.nyc.gov](mailto:askmoia@cityhall.nyc.gov) এই ঠিকানায়।



Mayor's Office of  
Immigrant Affairs

মেয়রের অভিবাসী  
বিষয়ক অফিস

## অভিবাসী নিউ ইয়র্কবাসীদের জন্য সংস্থান

আপনার অভিবাসন স্থিতি নির্বিশেষে,  
আপনার অধিকার আছে।

### অভিবাসন জালিয়াতি এড়িয়ে চলুন

আপনার যদি অভিবাসন সংক্রান্ত আইনি পরামর্শের প্রয়োজন হয়, শুধুমাত্র একজন লাইসেন্সপ্রাপ্ত অ্যাটর্নি বা একজন স্বীকৃত প্রতিনিধির কাছে যান। আপনি [nyc.gov/immigrants](http://nyc.gov/immigrants) এই ঠিকানায় অধিকারী এবং স্বীকৃত প্রদানকারীদের তালিকা পেতে পারেন।

### অভিবাসন প্রয়োগকারী বিষয়ক অধিকার

NYC অভিবাসন প্রয়োগ পরিচালনা করে না। ফেডারেল ইমিগ্রেশন এনফোর্সমেন্ট কর্তৃক আপনার সাথে যোগাযোগ করা হলে, আপনার অধিকার আছে। ডিজিট করুন [nyc.gov/knowyourrights](http://nyc.gov/knowyourrights) এই ঠিকানায় অথবা আমাদের বিনামূল্যের অভিবাসন বিষয়ক আইনি হটলাইনে কল করুন **800-354-0365** নম্বরে।

### কর্মীদের অধিকার

নিউ ইয়র্ক সিটি আইনের অধীনে আপনার অসুস্থতা ছুটি, ন্যূনতম মজুরি, ওভারটাইমের (অতিরিক্ত কাজ) বেতন এবং আরও অনেক কিছু পাওয়ার অধিকার রয়েছে। সংস্থানের জন্য ডিজিট করুন [nyc.gov/workers](http://nyc.gov/workers) এই ঠিকানায় অথবা কল করুন **212-436-0381** নম্বরে।

### বৈষম্যের প্রতিবেদন করুন

NYC মানবাধিকার আইনের অনুযায়ী হয়রানি এবং বৈষম্য করা বেআইনি। একটি বৈষম্যের ঘটনা রিপোর্ট করতে, অনুগ্রহ করে **212-416-0197** নম্বরে কল করুন।

### গার্হস্থ্য সহিংসতার বিরুদ্ধে সুরক্ষা

আপনি যদি দুর্ব্যবহারের সম্মুখীন হন তবে আপনাকে সাহায্য করার জন্য NYC পাশে আছে। আপনি ডিজিট করতে পারেন [nyc.gov/nychope](http://nyc.gov/nychope) এই ঠিকানায় অথবা NYC-এর গার্হস্থ্য সহিংসতার হটলাইনে কল করতে পারেন **800-621-HOPE** নম্বরে।

### ভাড়াটেনদের অধিকার

উচ্ছেদ বা আপনার বাড়িওয়ালার সংক্রান্ত কোনো সমস্যায় সাহায্যের প্রয়োজন? বিনামূল্যে আইনি সহায়তার জন্য ডিজিট করুন [nyc.gov/tenantprotection](http://nyc.gov/tenantprotection) এই ঠিকানায় অথবা **311** নম্বরে কল করে বলুন "tenant helpline" (ভাড়াটেনদের হেল্পলাইন)।

### আশ্রয়ের অধিকার

আপনি যদি গৃহহীনতার সম্মুখীন হন তবে আপনার আশ্রয়ের অনুরোধ জানানোর অধিকার রয়েছে। মনোনীত DHS ইনটেক সেন্টারে গিয়ে আশ্রয় পরিষেবাগুলির অ্যাক্সেস করুন। **311** নম্বরে কল করে আরও জানুন।

### ভোক্তা সুরক্ষা

কোনো ব্যবসা নিয়ে সমস্যা হচ্ছে? একজন ভোক্তা হিসেবে, আপনার অধিকার আছে। [nyc.gov/consumers](http://nyc.gov/consumers) এই ঠিকানায় ডিজিট করে কিংবা **311** নম্বরে কল করে একটি অভিযোগ দায়ের করুন।